

ফাতওয়া নম্বর: ৪০৮

প্রকাশকাল: ২৩-০৯-২০২৩ ইং

রোযা অবস্থায় টিকা নেওয়ার বিধান

প্রশ্ন:

রোযা অবস্থায় কি টিকা নেওয়া যাবে?

-আব্দুল খালেক

উত্তর:

যেসব টিকা ইঞ্জেকশনের মতো শরীরের মাংসে কিংবা রগে পুশ করা হয়, তা রোযা অবস্থায়ও গ্রহণ করা যাবে। এতে রোযার ক্ষতি হবে না। পক্ষান্তরে যেসব টিকা খাবারের মতো মুখে গ্রহণ করা হয় এবং গলধকরণ করা হয়, তাতে রোযা ভেঙ্গে যাবে। রোযা ভঙ্গর মতো ওজর দেখা না দিলে এমন টিকা রমযান মাসে দিনের বেলা গ্রহণ করবে না।

-আল-মাবসূত, সারাখসী: ৩/৬৭; রদ্দুল মুহতার: ২/৩৯৫; ইমদাদুল ফাতাওয়া- জাদিদ: ৪/২৮০-২৮৪; জাওয়াহিরুল ফিকহ: ৩/৫১৯; ফাতাওয়া উসমানী: ২/১৮১

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

১৯-০২-১৪৪৫ হি.

০৫-০৯-২০২৩ ই.

